দৈনিক
ইত্তেফাক

তারিখ: 16. JUN 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# আগারগাঁওয়ে বিজ্ঞান মেলা

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ শুরু

■ **ইত্তেফাক রিপোর্ট**

'উন্নত আগামীর জন্য বিজ্ঞান ও প্রযুক্তি'-প্রতিপাদ্যকে সামনে রেখে শুরু হয়েছে ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০১৭ ও তিন দিনব্যাপী বিজ্ঞান মেলা। চলবে ১৭ জুন পর্যন্ত।

গতকাল আগারগাঁওয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, বিজ্ঞানের উন্নয়ন ছাড়া দেশ আগানো সম্ভব নয়। বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের হাতিয়ার। নতুন প্রজন্মকে আনন্দের সাথে বিজ্ঞান ও প্রযুক্তির চর্চা করতে হবে। তাহলে বিজ্ঞান ভীতি কেটে যাবে।

জাদুঘরের মহাপরিচালক স্বপন কুমার রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো. আনোয়ার হোসেন। মো. আনোয়ার হোসেন বলেন, বিজ্ঞানের প্রতি মানুষের আগ্রহ বেড়েছে। রোজ কেয়ামত পর্যন্ত বিজ্ঞানের আবিষ্কার হতে থাকবে। আর বিশ্বায়নের এই যুগে আমাদেরও বিজ্ঞানের নতুন কিছু খুঁজে সেগুলো মানব কল্যাণে কাজে লাগাতে হবে।

স্বপন কুমার রায় বলেন, মেলায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে বাছাই করে কলকাতার জাতীয় পর্যায় যে বিজ্ঞান মেলা হয় সেখানে নিয়ে যাওয়া হবে। ফলে আমাদের নতুন প্রজন্ম অন্য দেশের বিজ্ঞান ও প্রযুক্তি কি ধরনের কাজ করে তা সচক্ষে দেখতে পারবে।

মেলায় দেশের ৬৪টি জেলা থেকে জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে প্রথম স্থান অধিকারী প্রতিযোগী ও গাইডসহ তরুণ এবং অপেশাদার বিজ্ঞানীরা অংশগ্রহণ করেছেন। মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত থাকবে।